



নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানী লিঃ

North-West Power Generation Company. Ltd.

ISO 9001:2008, ISO 14001:2004 & OHSAS 18001:2007 Certified

(An Enterprise of Bangladesh Power Development Board)

ইউটিসি ভবন
(লেভেল ৩ ও ৪), ০৮
পাহাড়পথ, কাওরানবাজার,
ঢাকা-১২১৫।
ফোন-৯১৪৫২৯১-৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে গত ১৯/০৬/২০১৮ ইং তারিখে মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ, বিজ্ঞাখস মন্ত্রণালয় এবং প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (সংযুক্তি-১) স্বাক্ষরিত হয়।

এ প্রেক্ষিতে, বিদ্যুৎ বিভাগ বিজ্ঞাখস মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের লক্ষ্যমাত্রাসমূহ যথাযথভাবে অর্জনের লক্ষ্যে-

উপ-মহাব্যবস্থাপক (অডিট), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড

এবং

প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর মধ্যে ২০/০৬/২০১৮ ইং
তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেনঃ

আমি, উপ-মহাব্যবস্থাপক (অডিট), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড, প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল (সংযুক্তি-২) অর্জনে সচেষ্ট থাকব।

আমি, প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড, উপ-মহাব্যবস্থাপক (অডিট), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

উপ-মহাব্যবস্থাপক (অডিট), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড

তারিখ

প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড

তারিখ